দৈনিক ইত্তেফাক

তারিখ OCT. 04 1998
পৃষ্ঠা ২ কলাম ৬

# ভুয়া সার্টিফিকেটে ভর্তি হওয়ার অভিযোগে দুই ছাত্রীর বিরুদ্ধে মামলা

চট্টগ্রাম অফিস ॥ ভুয়া সার্টিফিকেট দিয়া ভর্তি হওয়ার কারণে গত শনিবার নগরীর চান্দগাঁও থানাধীন ফাতেমাতুজ ডিগ্রী কলেজের দুই ছাত্রীর বিরুদ্ধে থানায় মামলা করা হইয়াছে। ১৯৯৮-৯৯ সেশনে এইচএসসিতে ভর্তি হওয়া ঐ দুই ছাত্রীর সার্টিফিকেট কলেজ হইতে চট্টগ্রাম বোর্ডে রেজিস্ট্রেশন কার্ডের জন্য পাঠানো হইলে ইহাকে ভুয়া হিসাবে চিহ্নিত করে। ইহার পর কলেজ কর্তৃপক্ষ জাল সার্টিফিকেট দিয়া ভর্তি হওয়ার অভিযোগে দুই ছাত্রীর বিরুদ্ধে মামলা দায়ের করে। জাল সার্টিফিকেটধারী দুই ছাত্রী হইতেছে নুর সেলিনা জাহান ও তসলিমা আফরোজ মুনমুন। ৯৮-৯৯ সেশন এইচ এস সিতে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের মধ্যে ৩২৩টি ভুয়া সার্টিফিকেট আটক করা হইয়াছে। অপরদিকে ডবলমুরিং পুলিশ জাল সার্টিফিকেট তৈয়ারীর সহিত জড়িত এক ব্যক্তি ৫২০টি সার্টিফিকেট ও মার্কশীটসহ আটক করিয়াছে।